	১২০০০৮৪১১			গবেষণা ও উদ্ভাবনী কার্যক্রম										
	১২০০০৮৪১১০০০০০০			গবেষণা ও উদ্ভাবনী কার্যক্রম										
				পণ্য ও সেবার ব্যবহার										
			৩২৩১	প্রশিক্ষণ										
			৩২৩১৩০১	প্রশিক্ষণ	৭,৫০০	০	০	০	৭,৫০০	০	৭,৪৮৯	০	৯৯.৮৬	০.০০
				উপমোট - প্রশিক্ষণ:	৭,৫০০	০	০	০	৭,৫০০	০	৭,৪৮৯	০	৯৯.৮৬	০.০০
			৩২৫৭	পেশাগত সেবা, সম্মানী ও বিশেষ ব্যয়										
			৩২৫৭১০৫	উদ্ভাবন	১০,০০০	০	০	০	১০,০০০	০	৬,৯৮৫	০	৬৯.৮৬	০.০০
				উপমোট - পেশাগত সেবা, সম্মানী ও বিশেষ ব্যয়:	১০,০০০	০	০	০	১০,০০০	০	৬,৯৮৫	০	৬৯.৮৬	০.০০
				উপমোট- পণ্য ও সেবার ব্যবহার:	১৭,৫০০	০	০	০	১৭,৫০০	০	১৪,৪৭৪	০	৮২.৭১	০.০০
				মোট:	১৭,৫০০	০	০	০	১৭,৫০০	০	১৪,৪৭৪	০	৮২.৭১	০.০০
				মোট:	১৭,৫০০	০	০	০	১৭,৫০০	০	১৪,৪৭৪	০	৮২.৭১	০.০০
				মোট - সচিবালয়, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ (আইএমইডি):	১৭,৫০০	০	০	০	১৭,৫০০	০	১৪,৪৭৪	০	৮২.৭১	০.০০
				মোট - বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ:	১৭,৫০০	০	০	০	১৭,৫০০	০	১৪,৪৭৪	০	৮২.৭১	০.০০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ (আইএমইডি)
আইসিটি অধিশাখা
শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭।
http://www.imed.gov.bd

স্মারক নম্বর: ২১.০০.০০০০.০৬২.৯৩.০০২.২১.২

তারিখ: ২৫ পৌষ ১৪২৯
০৯ জানুয়ারি ২০২৩

বিষয়: **২০২২-২৩ অর্থবছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়নের অর্ধবার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন প্রেরণ সংক্রান্ত।**

সূত্র: মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর কর্মসম্পাদন সূচক ২.২.৩; মন্ত্রিপরিষদ বিভাগের ই-গভর্ন্যান্স ২ শাখার স্মারক নং: ০৪.০০.০০০০.৮৩৩.০৩.০০২.২০.১৮৬, তারিখ, ১৪.১২.২০২২;

উপর্যুক্ত বিষয় ও সূত্রোস্থ পত্রের প্রেক্ষিতে ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনার অর্ধবার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন (২.২.৩) প্রস্তুতপূর্বক পরবর্তী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য এতদসঙ্গে নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণানামতে ৮৬ (ছিয়াশি) পাতা।

R. Shahriar
৯-১-২০২৩
মোহাম্মদ রাফিদ শাহরিয়ার
সহকারী প্রোগ্রামার
ফোন: ০২-৯১৮০৬৫৮
ইমেইল:
rafid.shahriar@imed.gov.bd

সচিব, সমন্বয় ও সংস্কার
সমন্বয় ও সংস্কার
মন্ত্রিপরিষদ বিভাগ

দৃষ্টি আকর্ষণঃ উপসচিব, ই-গভর্নেন্স-২ অধিশাখা , মন্ত্রিপরিষদ বিভাগ

স্মারক নম্বর: ২১.০০.০০০০.০৬২.৯৩.০০২.২১.২/১(২)

তারিখ: ২৫ পৌষ ১৪২৯
০৯ জানুয়ারি ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) অতিরিক্ত সচিব, প্রশাসন অনুবিভাগ, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
২) উপসচিব, উপসচিব (সমন্বয়), বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ

R. Shahriar
৯-১-২০২৩
মোহাম্মদ রাফিদ শাহরিয়ার
সহকারী প্রোগ্রামার

বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের ২০২২-২৩ অর্থবছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার অর্ধবার্ষিক স্বমূল্যায়ন প্রতিবেদন

ক্রম	কর্মসম্পাদন ক্ষেত্র	মান	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	একক	কর্মসম্পাদন সূচকের মান	লক্ষ্যমাত্রা ২০২২-২০২৩					অর্ধবার্ষিক অর্জন	কর্মসম্পাদনের সূচকের বিপরীতে অর্জিত মান	প্রমাণক পত্র পৃষ্ঠা
							অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে			
							১০০%	৯০%	৮০%	৭০%	৬০%			
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫
১	[১] ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন সংক্রান্ত কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ	৩০	[১.১] সেবা সহজিকরণ/ ডিজিটাইজেশনের মাধ্যমে উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন	[১.১.১] সেবা সহজিকরণ/ ডিজিটাইজেশনের মাধ্যমে ন্যুনতম একটি উদ্ভাবনী ধারণা বাস্তবায়িত	তারিখ	১০	০৪/০৫/২০২৩	১১/০৫/২০২৩	১৮/০৫/২০২৩	২৫/০৫/২০২৩	৩১/০৫/২০২৩	কার্যক্রম চলমান	-	-
			[১.২] ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবার ডাটাবেজ প্রস্তুত করা এবং সেবাসমূহ চালু রাখা	[১.২.১] ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবার ডাটাবেজ প্রস্তুতকৃত	তারিখ	২	১৩/১০/২০২২	২৭/১০/২০২২	১০/১১/২০২২	--	--	নির্ধারিত ছকে তালিকা প্রেরিত, পত্রজারি, ২৯ সেপ্টেম্বর ২০২২	২	প্রমাণক: প:পৃ:-১-৫
				[১.২.২] ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবাসমূহ চালুকৃত	তারিখ	৭	০৪/০৫/২০২৩	১১/০৫/২০২৩	১৮/০৫/২০২৩	২৫/০৫/২০২৩	৩১/০৫/২০২৩	কার্যক্রম চলমান	-	-
			[১.৩] ই-নথির ব্যবহার বৃদ্ধি	[১.৩.১] ই-ফাইলে নোট নিষ্পত্তিকৃত	%	৪	৮৫%	৮০%	৭৫%	৭০%	৬০%	কার্যক্রম চলমান	-	-
			[১.৪] ৪র্থ শিল্প বিপ্লবের সম্ভাব্য চ্যালেঞ্জ মোকাবেলায় আইন/ পলিসি/ কর্মপরিকল্পনা প্রণয়ন এবং বিষয়ভিত্তিক কর্মশালা আয়োজন	[১.৪.১] ৪র্থ শিল্প বিপ্লবের সম্ভাব্য চ্যালেঞ্জ মোকাবেলায় আইন/ পলিসি/ কর্ম-পরিকল্পনা প্রণীত	তারিখ	৪	৩১/১০/২০২২	১৬/১১/২০২২	৩০/১১/২০২২	১৫/১২/২০২২	২৯/১২/২০২২	কর্মপরিকল্পনা প্রেরিত পত্রজারি, ৩১ অক্টোবর ২০২২	৪	প্রমাণক: প:পৃ:-৬-১১
				[১.৪.২] ৪র্থ শিল্প বিপ্লবের সম্ভাব্য চ্যালেঞ্জ মোকাবেলায় বিষয়ভিত্তিক কর্মশালা আয়োজিত	সংখ্যা	৩	২	---	১	--	--	১ম কর্মশালা আয়োজিত, ৩০ আগস্ট ২০২২	২.৪	প্রমাণক: প:পৃ:-৬-১২-২৬
২	[২] প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি	২০	[২.১] তথ্য বাতায়ন হালনাগাদকরণ	[২.১.১] তথ্য বাতায়ন হালনাগাদকৃত (ত্রৈমাসিক ভিত্তিতে)	সংখ্যা	৬	৪	৩	--	২	--	সেবা বক্স হালনাগাদকৃত ১ম ত্রৈমাসিক প্রতিবেদন প্রেরিত, ১৬ অক্টোবর, ২০২২ ২য় ত্রৈমাসিক প্রতিবেদন প্রেরিত, ০৩ জানুয়ারি, ২০২৩	৩	প্রমাণক: প:পৃ:-২৭-৪৭ প:পৃ:-৪৮-৭১
			[২.২] ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন	[২.২.১] কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজিত	সংখ্যা	৩	৪	৩	২	--	--	১ম প্রশিক্ষণ আয়োজিত ০১-০২ আগস্ট, ২০২২ ২য় প্রশিক্ষণ আয়োজিত ৩০ সেপ্টে.-০১ অক্টোবর ২০২২	২	প্রমাণক: প:পৃ:-৭২-৭৮ প:পৃ:-৭৯-৮৩
				[২.২.২] ই-গভর্ন্যান্স কর্মপরিকল্পনা বাস্তবায়নের জন্য বরাদ্দকৃত অর্থ ব্যয়িত	%	৩	৮০%	৭০%	৬০%	৫৫%	৫০%	মোট ব্যয় ৪,৮৪,২৪৭/- (চার লক্ষ দশ হাজার আটশত সাতাত্তর টাকা) ২৭.৬৭%	-	খরচের প্রতিবেদন: প:পৃ:-৮৪
				[২.২.৩] কর্মপরিকল্পনার অর্ধবার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরিত	তারিখ	৩	১৫/০১/২০২৩	২২/০১/২০২৩	৩১/০১/২০২৩	০৯/০২/২০২৩	১৬/০২/২০২৩	অর্ধবার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন প্রেরিত, ০৯ জানুয়ারি ২০২৩	৩	-

ক্রম	কর্মসম্পাদন ক্ষেত্র	মান	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	একক	কর্মসম্পাদন সূচকের মান	লক্ষ্যমাত্রা ২০২২-২০২৩					অর্থবার্ষিক অর্জন	কর্মসম্পাদনের সূচকের বিপরীতে অর্জিত মান	প্রমাণক পত্র পৃষ্ঠা
							অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে			
							১০০%	৯০%	৮০%	৭০%	৬০%			
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫
				[২.২.৪] আওতাধীন দপ্তর/ সংস্থার অর্ধবার্ষিক স্বমূল্যায়ন প্রতিবেদন পর্যালোচনা সংক্রান্ত প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরিত	তারিখ	২	৩১/০১/২০২৩	০৯/০২/২০২৩	১৬/০২/২০২৩	২৩/০৫/২০২৩	২৮/০২/২০২৩	আওতাধীন দপ্তর/ সংস্থা নেই	২	-
				[২.২.৫] দেশে/বিদেশে বাস্তবায়িত ন্যূনতম একটি উদ্ভাবনী উদ্যোগ পরিদর্শনকৃত	তারিখ	৩	৩১/০৫/ ২০২৩	৩০/০৬/২০২৩	--	--	---	কার্যক্রম চলমান	-	-
												মোট=	১৮.৪	

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ (আইএমইডি)
সমন্বয় ও এমআইএস সেক্টর
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
www.imed.gov.bd

স্মারক নং-২১.০০.০০০০.০৫৮.১৬.২৪৪.২২.৯৭২ তারিখ : ০৭ জ্যৈষ্ঠ ১৪৩০ / ২১ মে ২০২৩

বিষয়: ২০২২-২৩ অর্থবছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার কর্মসম্পাদন সূচক ২.২.৫ বাস্তবায়নে একটি উদ্ভাবনী উদ্যোগ পরিদর্শন সংক্রান্ত।

বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ (আইএমইডি) পরিকল্পনা মন্ত্রণালয়ের আওতাধীন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের একটি গুরুত্বপূর্ণ বিভাগ। এই বিভাগের প্রধান কাজ হলো সরকারের বার্ষিক উন্নয়ন কর্মসূচিভুক্ত সকল প্রকল্পের বাস্তবায়ন কার্যক্রম পরিবীক্ষণ ও সমাপ্ত প্রকল্পের মূল্যায়ন করা। উল্লেখ্য, আইএমইডি প্রতি অর্থবছরের ন্যায় বর্তমান ২০২২-২৩ অর্থবছরেও ২৩৬৫৬০.৬৭ কোটি টাকা ব্যয়ে বাস্তবায়নাধীন ১৬২৭টি উন্নয়ন প্রকল্পের মনিটরিং করছে। দেশের বিভিন্ন এলাকায় বাস্তবায়নাধীন সরকারের উন্নয়ন প্রকল্পসমূহ মনিটরিং-এ আইএমইডি ভিডিও কনফারেন্সিং সিস্টেমসহ আধুনিক ড্রোন প্রযুক্তির ব্যবহার করছে। এই বিভাগের সেন্ট্রাল প্রকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিট (সিপিটিইউ) সরকারি ক্রয় প্রক্রিয়ায় স্বচ্ছতা, দক্ষতা ও জবাবদিহির মাধ্যমে দেশের আর্থ-সামাজিক উন্নয়নে কার্যকর সহায়তা প্রদান করছে। এই বিভাগ কর্তৃক প্রণয়নকৃত এবং পরিচালিত ইলেকট্রনিক গভর্নমেন্ট প্রকিউরমেন্ট (e-GP) সিস্টেম, ইলেকট্রনিক প্রজেক্ট ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেম (e-PMIS), IMED PIN, সিটিজেন পোর্টাল ইত্যাদি ডিজিটাইজড সেবাসমূহ ই-গভর্ন্যান্স তথা ডিজিটাল বাংলাদেশ গঠনে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে।

০২। মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী প্রতিটি মন্ত্রণালয়/ বিভাগের ন্যায় আইএমইডি'তে একটি ইনোভেশন ও ই-গভর্ন্যান্স বাস্তবায়ন টিম আছে যারা এই বিভাগের সেবা সহজিকরণ, ডিজিটাইজেশন ও ই-গভর্ন্যান্স বাস্তবায়নে সচেষ্ট আছে। মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর সূচক [২.২.৫] [দেশে/বিদেশে বাস্তবায়িত ন্যূনতম একটি উদ্ভাবনী উদ্যোগ পরিদর্শন] বাস্তবায়নের অংশ হিসেবে একটি উদ্ভাবনী উদ্যোগ পরিদর্শনের নির্দেশনা প্রদান করা হয়েছে। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের আওতাধীন বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি) ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে অগ্রণী ভূমিকা পালনকারী অন্যতম প্রতিষ্ঠান এবং এই প্রতিষ্ঠান স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে নানাবিধ উদ্যোগ গ্রহণ এবং বাস্তবায়ন করছে মর্মে জানা যায়। উক্ত উদ্যোগসমূহ সরেজমিন পরিদর্শন করলে সমগ্র প্রক্রিয়া সম্পর্কে সম্যক ধারণা পাওয়া যাবে যা বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের উদ্ভাবনী উদ্যোগ বাস্তবায়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। এই প্রেক্ষিতে বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের পক্ষ হতে বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলের উদ্ভাবনী উদ্যোগসমূহ পরিদর্শনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

০৩। এমতাবস্থায়, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল কর্তৃক গৃহীত ও বাস্তবায়িত উদ্ভাবনী উদ্যোগসমূহ আইএমই বিভাগের ইনোভেশন টিম কর্তৃক আগামী ২৩ মে ২০২৩ তারিখ, মঙ্গলবার অথবা ৩০ মে ২০২৩ তারিখের মধ্যে নিকটতম কোন সুবিধাজনক সময়ে পরিদর্শনে আপনার সদয় সম্মতির জন্য অনুরোধ জানানো হলো।

সংযুক্তি: কর্মকর্তাদের নামীয় তালিকা।

R. Shahriar
২১.০৫.২০২৩

(মোহাম্মদ রাফিদ শাহরিয়ার)
সহকারী প্রোগ্রামার ও
সদস্য-সচিব, ইনোভেশন টিম
ফোন : ০২-৯১৮০৬৭২
E-mail: rafid.shahriar@imed.gov.bd

নির্বাহী পরিচালক
বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল
আইসিটি টাওয়ার, ই-১৪/এক্স, আগারগাঁও, ঢাকা-১২০৭।

স্মারক নং-২১.০০.০০০০.০৫৮.১৬.২৪৪.২২.৯৭২(১)/১৭ তারিখ : ০৭ জ্যৈষ্ঠ ১৪৩০ / ২১ মে ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল: (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)

১. ড. গাজী মোঃ সাইফুজ্জামান, অতিরিক্ত সচিব (প্রশাসন) ও চিফ ইনোভেশন অফিসার, আইএমইডি, শেরে বাংলা নগর, ঢাকা।

অ.পৃ.দ্র.

২. জনাব ওয়াহিদা হামিদ, যুগ্মসচিব, সমন্বয় ও এমআইএস সেক্টর, আইএমইডি, শেরে বাংলা নগর, ঢাকা।
৩. জনাব মোঃ মাহমুদ হাসান, পরিচালক, পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-২, আইএমইডি, শেরে বাংলা নগর, ঢাকা।
৪. জনাব মোহাম্মদ নাছিম আহমেদ, পরিচালক, পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-৩, আইএমইডি, শেরে বাংলা নগর, ঢাকা।
৫. সিনিয়র সহকারী সচিব, প্রশাসন-২ অধিশাখা, আইএমইডি, শেরে বাংলা নগর, ঢাকা। (উল্লিখিত তারিখে যাতায়াতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
৬. জনাব মুহাম্মদ মশিউর রহমান, সিনিয়র প্রোগ্রামার ও প্রকল্প পরিচালক, সিইইপিআরএম এন্ড ইএসআই প্রকল্প, আইএমইডি, শেরে বাংলা নগর, ঢাকা। (উল্লিখিত তারিখে যাতায়াতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
৭. জনাব সারাহ সাদিয়া তাজনীন, উপপরিচালক, পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-৬, আইএমইডি, শেরে বাংলা নগর, ঢাকা।
৮. জনাব নাজমুল হসেইন খাঁন, উপপরিচালক, পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-৩, আইএমইডি, শেরে বাংলা নগর, ঢাকা।
৯. জনাব মো: আব্দুল ওয়ারেছ আনসারী, উপপরিচালক, পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-১, আইএমইডি, শেরে বাংলা নগর, ঢাকা।
১০. জনাব মোঃ মেজবাউল হোসেন, উপপরিচালক, সিপিটিইউ, আইএমইডি, শেরে বাংলা নগর, ঢাকা।
১১. সচিবের একান্ত সচিব, আইএমইডি, শেরে বাংলা নগর, ঢাকা। (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
১২. জনাব শবনম শারমিন, উপপরিচালক, পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-৮, আইএমইডি, শেরে বাংলা নগর, ঢাকা।
১৩. জনাব হ্যাপী দাস, উপপরিচালক, পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-৮, আইএমইডি, শেরে বাংলা নগর, ঢাকা।
১৪. জনাব নাজনীন নাহার, প্রোগ্রামার, সমন্বয় ও এমআইএস সেক্টর, আইএমইডি, শেরে বাংলা নগর, ঢাকা।
১৫. জনাব খায়রুল আমিন, প্রোগ্রামার, সিপিটিইউ, আইএমইডি, শেরে বাংলা নগর, ঢাকা।
১৬. জনাব মোহাম্মদ রাফিদ শাহরিয়ার, সহকারী প্রোগ্রামার, সমন্বয় ও এমআইএস সেক্টর, আইএমইডি, শেরে বাংলা নগর, ঢাকা।
১৭. অফিস কপি।

কর্মকর্তাদের নামীয় তালিকা

ক্রম	নাম ও পদবি	ইনোভেশন টিমে পদ
০১.	ড. গাজী মোঃ সাইফুজ্জামান অতিরিক্ত সচিব (প্রশাসন)	চিফ ইনোভেশন অফিসার
০২.	ওয়াহিদা হামিদ যুগ্মসচিব	সদস্য
০৩.	মোঃ মাহমুদ হাসান পরিচালক (উপসচিব)	সদস্য
০৪.	মোহাম্মদ নাছিম আহমেদ পরিচালক (উপসচিব)	সদস্য
০৫.	সারাহ সাদিয়া তাজনীন উপপরিচালক (সিনিয়র সহকারী সচিব)	সদস্য
০৬.	নাজমুল হুসেইন খাঁন উপপরিচালক (সিনিয়র সহকারী সচিব)	সদস্য
০৭.	মোঃ আব্দুল ওয়ারেছ আনসারী উপপরিচালক (সিনিয়র সহকারী সচিব)	সদস্য
০৮.	মোঃ মেজবাউল হোসেন উপপরিচালক (সিনিয়র সহকারী সচিব)	সদস্য
০৯.	শবনম শারমিন উপপরিচালক (সিনিয়র সহকারী সচিব)	সদস্য
১০.	হ্যাপী দাস উপপরিচালক (সিনিয়র সহকারী সচিব)	সদস্য
১১.	নাজনীন নাহার প্রোগ্রামার	সদস্য
১২.	খায়রুল আমিন প্রোগ্রামার	সদস্য
১৩.	মোহাম্মদ রাফিদ শাহরিয়ার সহকারী প্রোগ্রামার	সদস্য-সচিব

23.04.2019

[২.২.৫] দেশে/বিদেশে বাস্তবায়িত ন্যূনতম একটি উদ্ভাবনী উদ্যোগ পরিদর্শনকৃত

বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলের আধুনিক ভিডিও কনফারেন্সিং প্লাটফর্ম, Network Operation Center (NOC), Security Operation Center (SOC) এবং National Data Center (NDC) পরিদর্শন প্রতিবেদন

ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর কর্মসম্পাদন সূচক [২.২.৫] [দেশে/বিদেশে বাস্তবায়িত ন্যূনতম একটি উদ্ভাবনী উদ্যোগ পরিদর্শনকৃত] বাস্তবায়নের অংশ হিসেবে গত ২৩ মে, ২০২৩ তারিখ আইএমইডি'র ইনোভেশন টিম বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল কর্তৃক বাস্তবায়িত উদ্ভাবনী উদ্যোগসমূহ পরিদর্শন করে।

বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল সাম্প্রতিক সময়ে 'Strengthening of Govt. Video Conferencing Platform Project' শীর্ষক প্রকল্পের আওতায় তাদের Video Conferencing প্লাটফর্মটির কারিগরি দিক হালনাগাদ ও যুগোপযোগীকরণ এবং বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ ব্যবহার করে দুর্গম এলাকার সাথে ভিডিও কনফারেন্সিং সেবার আওতাভুক্ত হয়েছে। AI technology, 4K Resolution, Recording ইত্যাদি নতুন প্লাটফর্মটির উল্লেখযোগ্য বৈশিষ্ট্য। আইএমইডি'র একটি গুরুত্বপূর্ণ কার্যক্রম হলো, এডিপিভুক্ত উন্নয়ন প্রকল্পসমূহের বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন করা। এই মনিটরিং ব্যবস্থার অন্যতম গুরুত্বপূর্ণ হাতিয়ার হলো ভিডিও কনফারেন্সিং। আইএমইডি প্রতি অর্থবছরের ন্যায় ২০২১-২২ অর্থবছরেও দেশের বিভিন্ন প্রান্তের ১২টি জেলার সাথে ভিডিও কনফারেন্সিং করেছে। বিসিসি'র আপডেটেড ভিডিও কনফারেন্সিং প্লাটফর্মটি সরেজমিন পরিদর্শন, স্পেশিফিকেশন অবহিত হওয়া এবং live demonstration দেখে তা হতে আইএমইডি'র ভিডিও কনফরেন্সিং সিস্টেমকে কিভাবে আধুনিকায়ন করা যায় সেই বিষয়ে অভিজ্ঞতা ও জ্ঞান অর্জন সম্ভব হয়েছে।

উক্ত পরিদর্শনে বিসিসি'র আওতাধীন NOC (Network Operation Center), SOC (Security Operation Center) এবং NDC (National Data Center) পরদির্শন করা হয়। উল্লেখ্য, আইএমইডি'র সিপিটিইউ কর্তৃক সরকারের গুরুত্বপূর্ণ সিস্টেম e-GP পরিচালিত হচ্ছে। e-GP সিস্টেমের নিরাপত্তা ব্যবস্থার জন্য ইতোমধ্যে ISO Certification অর্জন করেছে। যেহেতু, নিরাপত্তা কার্যক্রম একটি চলমান প্রক্রিয়া তাই e-GP সিস্টেমকে আরো শক্তিশালী করার উদ্দেশ্যে SOC স্থাপনের পরিকল্পনা রয়েছে। পরিদর্শনকালে NOC এবং SOC এর কার্যক্রমসমূহ সরেজমিন দেখা হয় যা সিপিটিইউ'তে SOC স্থাপনে সহায়তা করবে। এছাড়া, বিসিসি'র জাতীয় ডাটা সেন্টার (NDC) পরিদর্শন করা হয়। বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তরের গুরুত্বপূর্ণ সিস্টেম ও সার্ভার উক্ত ডাটা সেন্টারে আছে। আইএমইডি'র ই-জিপি সিস্টেম ও ই-পিএমআইএস সিস্টেমের এর DR (Data Recovery) Site বিসিসি'র জাতীয় ডাটা সেন্টারে স্থাপিত যা সরেজমিন পরিদর্শন করা হয়।



স্থিরচিত্র: বিসিসি পরিদর্শনকালে অভিজ্ঞতা বিনিময় সভায় বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল ও আইএমইডি'র কমকর্তাবৃন্দ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
সমন্বয় ও এমআইএস সেক্টর
শেরে বাংলা নগর, ঢাকা।
www.imed.gov.bd

নং-২১.০০.০০০০.০৫৮.১৬.২৪৪.২২.৫৬২

তারিখ: ২৭ শ্রাবণ ১৪২৯ / ১১ আগস্ট ২০২২

সংশোধিত সভার নোটিশ

আগামী ১৭ আগস্ট ২০২২ তারিখ, বুধবার বেলা ১১.০০ ঘটিকায় বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের অতিরিক্ত সচিব (প্রশাসন) ও চিফ ইনোভেশন অফিসার এর সভাপতিত্বে আইএমইডি'র সম্মেলন কক্ষে (ব্লক-১২, কক্ষ-৩২-৩৩) ইনোভেশন টিমের ২০২২-২৩ অর্থবছরের ১ম সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভায় কমিটির সদস্যদের যথাসময়ে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

আলোচ্যসূচি:

১. ২০২২-২৩ অর্থবছরের কর্মপরিকল্পনা পর্যালোচনা;
২. ২০২২-২৩ অর্থবছরের প্রশিক্ষণ এবং কর্মশালার সূচি নির্ধারণ সংক্রান্ত;
৩. ৪র্থ শিল্পবিপ্লবের সম্ভাব্য চ্যালেঞ্জ মোকাবেলায় আইন/ পলিসি/ কর্ম-পরিকল্পনা প্রণয়ন সংক্রান্ত;
৪. ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবার ডাটাবেজ প্রস্তুত সংক্রান্ত; এবং
৫. বিবিধ।

R. Shahriar
১১.০৮.২০২২
(মোহাম্মদ রাফিদ শাহরিয়ার)
সহকারী প্রোগ্রামার
ও
সদস্য সচিব, ইনোভেশন টিম
ফোন: ০২-৯১৮০৬৫৮
E-mail: rafid.shahriar@imed.gov.bd

বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জনাব ওয়াহিদা হামিদ, পরিচালক (যুগ্মসচিব), সমন্বয় ও এমআইএস সেক্টর, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
২. জনাব মো: আব্দুল ওয়ারেছ আনসারী, উপপরিচালক, পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-১, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
৩. জনাব মেহের নিগার সুলতানা, উপপরিচালক, পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-২, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
৪. জনাব নাজমুল হুসেইন খাঁন, উপপরিচালক, পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-৩, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
৫. জনাব শবনম শারমিন, সহকারী পরিচালক, পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-৪, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
৬. জনাব রায়হান আহমেদ, উপপরিচালক, পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-৫, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
৭. জনাব সারাহ সাদিয়া তাজনীন, উপপরিচালক, পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-৬, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
৮. জনাব মুহাম্মদ মোস্তফা হাসান, উপপরিচালক, পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-৭, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
৯. জনাব হ্যাপী দাস, সহকারী পরিচালক, পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-৮, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
১০. জনাব মোঃ সামিউল হক, সিনিয়র সহকারী সচিব, প্রশাসন-৩ অধিশাখা, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
১১. জনাব মোঃ মেজবাউল হোসেন, উপপরিচালক, সিপিটিইউ, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
১২. জনাব খায়রুল আমিন, প্রোগ্রামার, সিপিটিইউ, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
১৩. জনাব নাজনীন নাহার, প্রোগ্রামার, সমন্বয় ও এমআইএস সেক্টর, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
১৪. সহকারী প্রোগ্রামার, সমন্বয় ও এমআইএস সেক্টর, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা। **(ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।**
১৫. প্রশাসনিক কর্মকর্তা (স্টোর), আইএমইডি, শেরে বাংলা নগর, ঢাকা। (২০ জন কর্মকর্তার আপ্যায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো)

অবগতির জন্য অনুলিপি:

১. সচিবের একান্ত সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।

২. অতিরিক্ত সচিব (প্রশাসন) এঁর ব্যক্তিগত কর্মকর্তা, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা। (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)

৩. অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
সমন্বয় ও এমআইএস সেক্টর
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
www.imed.gov.bd

নং-২১.০০.০০০০.০৫৮.১৬.২৪৪.২২-৫৬৮

তারিখ: ০৭ ভাদ্র ১৪২৯ / ২২ আগস্ট ২০২২

বিষয়: ইনোভেশন টিমের ২০২২-২৩ অর্থবছরের ১ম সভার কার্যবিবরণী।

সভাপতি : ড. গাজী মোঃ সাইফুজ্জামান, অতিরিক্ত সচিব (প্রশাসন)
সভার স্থান : আইএমইডি'র সম্মেলন কক্ষ
সভার তারিখ : ১৭ আগস্ট ২০২২
সময় : বেলা ১১.০০ ঘটিকা

সভায় উপস্থিত সদস্যবৃন্দ/ কর্মকর্তাগণের নামের তালিকা পরিশিষ্ট 'ক'-তে দেওয়া হলো।

০২। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি ২০২২-২৩ অর্থবছরের ১ম সভায় উপস্থিত নতুন কমিটির সকলকে অভিনন্দন জানান। তিনি আশাবাদ ব্যক্ত করেন যে, সকল সেক্টরের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাদের নিয়ে প্রতিনিধিত্বমূলক নতুন কমিটি ২০২২-২৩ অর্থবছরের কর্মপরিকল্পনার সফল বাস্তবায়নে ভূমিকা রাখবে। সভাপতি মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নির্দেশিত সকল মন্ত্রণালয়/ বিভাগের জন্য নির্ধারিত ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর প্রেক্ষাপট, উদ্দেশ্য, নির্দেশনা, সূচকের ব্যাখ্যা, পরিবীক্ষণ ও মূল্যায়ন পদ্ধতি ইত্যাদি উপস্থাপনের জন্য সদস্য সচিবকে অনুরোধ করেন। মন্ত্রিপরিষদ বিভাগ হতে প্রাপ্ত নির্দেশিকার উপর বিস্তারিত আলোচনার পর নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহিত হয়:

কর্মসম্পাদন ক্ষেত্র	আলোচনা	সিদ্ধান্ত
[১.১] সেবা সহজিকরণ/ ডিজিটাইজেশনের মাধ্যমে উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন	মন্ত্রিপরিষদ বিভাগ হতে প্রাপ্ত মন্ত্রণালয়/ বিভাগের জন্য ইনোভেশন কর্মপরিকল্পনা ২০২২-২৩ এ সেবা সহজিকরণ/ ডিজিটাইজেশনের মাধ্যমে ন্যূনতম একটি উদ্ভাবনী ধারণা বাস্তবায়নের জন্য ০৪/০৫/২০২৩ তারিখ নির্ধারণ করা আছে।	আগামী ৩০/০৪/২০২৩ তারিখের ভিতর সেবা সহজিকরণ/ ডিজিটাইজেশনের মাধ্যমে ন্যূনতম একটি উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন করতে হবে।
[১.২.১] ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবার ডাটাবেজ প্রস্তুত করা	ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবার ডাটাবেজ প্রস্তুতপূর্বক তা আগামী ১৫/০৯/২০২২ তারিখের সম্ভাব্য ২য় ইনোভেশন টিমের সভায় উপস্থাপনা করতে হবে এবং ২৯/০৯/২০২২ তারিখের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণসহ এ বিভাগের ওয়েবসাইটে প্রকাশের বিষয়ে আলোচনা হয়।	উল্লিখিত ডাটাবেজ আগামী ১৫/০৯/২০২২ তারিখে সম্ভাব্য ২য় ইনোভেশন টিমের সভায় উপস্থাপনা করতে হবে এবং ২৯/০৯/২০২২ তারিখের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণসহ এ বিভাগের ওয়েবসাইটে প্রকাশ করতে হবে। বাস্তবায়নে: নাজনীন নাহার, প্রোগ্রামার এবং মোহাম্মদ রাফিদ শাহরিয়ার, সহ. প্রোগ্রামার
[১.২.২] ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবাসমূহ চালু রাখা	ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবাসমূহ চালু রাখার বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা রয়েছে।	ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবাসমূহ চালু আছে, এই মর্মে একটি পত্র আগামী ০৪/০৫/২০২৩ তারিখের ভিতর মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে। বাস্তবায়নে: মোহাম্মদ রাফিদ শাহরিয়ার, সহ. প্রোগ্রামার

কর্মসম্পাদন ক্ষেত্র	আলোচনা	সিদ্ধান্ত
[১.৩] ই-নথির ব্যবহার বৃদ্ধি	সদস্য-সচিব উল্লেখ করেন যে, এই অর্থবছরে এ বিভাগের শতকরা ৮৫ ভাগ নোট ই-নথিতে নিষ্পত্তির জন্য মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা রয়েছে। অতঃপর, সভাপতি ই-নথি সিস্টেমের গতিশীলতা বৃদ্ধির নিমিত্ত ই-নথির অন্তর্ভুক্ত 'ঘ' শ্রেনির নথি বিনষ্টকরণের বিষয়ে আইসিটি বিভাগের একটি নির্দেশনা সকলকে অবহিত করেন।	(ক) এ বিভাগের ই-নথির ব্যবহার বৃদ্ধির জন্য নিয়মিত ই-নথির ব্যবহারকারীদের তথ্য এবং ডাক/ নথির পেন্ডিং সংক্রান্ত রিপোর্ট আইএমইডি'র whatsApp গ্রুপে দিতে হবে এবং প্রযোজ্য ক্ষেত্রে সেক্টরসমূহকে তাগিদপত্র দিতে হবে; (খ) এ বিভাগের 'ঘ' শ্রেনির নথির একটি তালিকা সেক্টরসমূহের সহায়তায় প্রস্তুতপূর্বক তা আর্কাইভ করতে হবে এবং বিনষ্টকরণের বিষয়ে পরবর্তী নির্দেশনার জন্য আইসিটি বিভাগ এবং a2i-এর সাথে যোগাযোগ করতে হবে। বাস্তবায়নে: নাজনীন নাহার, প্রোগ্রামার
[১.৪.১] ৪র্থ শিল্প বিপ্লবের সম্ভাব্য চ্যালেঞ্জ মোকাবেলায় আইন/ পলিসি/ কর্মপরিকল্পনা প্রণয়ন	আগামী ৩১/১০/২০২২ তারিখের ভিতর ৪র্থ শিল্প বিপ্লবের সম্ভাব্য চ্যালেঞ্জ মোকাবেলায় আইন/ পলিসি/ কর্মপরিকল্পনা প্রণয়ন করতে হবে মর্মে সদস্য-সচিব সভাকে অবহিত করেন। অতঃপর, ৪র্থ শিল্প বিপ্লবের সম্ভাব্য চ্যালেঞ্জ মোকাবেলায় এ বিভাগ একটি যুগোপযোগী কর্মপরিকল্পনা প্রণয়ন করবে মর্মে ইনোভেশন টিমের সকল সদস্য মতামত দেন।	আগামী ২৪/১০/২০২২ তারিখের ভিতর আইএমই বিভাগ রুলস অব বিজনেস এবং ৪র্থ শিল্প বিপ্লবের প্রযুক্তিসমূহের সমন্বয়ে একটি যুগোপযোগী কর্মপরিকল্পনা প্রণয়ন করবে। বাস্তবায়নে: ইনোভেশন টিম
[১.৪.২] ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় বিষয়ভিত্তিক কর্মশালা আয়োজন	মন্ত্রিপরিষদ বিভাগ হতে ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় বিষয়ভিত্তিক ০২ (দুই)টি কর্মশালা আয়োজনের নির্দেশনা রয়েছে। চিফ ইনোভেশন অফিসার ১ম কর্মশালা আগস্ট/ ২০২২ মাসের ৩১ তারিখে আয়োজনের নির্দেশনা দেন।	আগামী ৩১/০৮/২০২২ তারিখে ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় বিষয়ভিত্তিক ১ম কর্মশালা আয়োজন করতে হবে। বাস্তবায়নে: ওয়াহিদা হামিদ, পরিচালক
[২.১] তথ্য বাতায়ন হালনাগাদকরণ	তথ্য বাতায়নে সকল সেবা বক্স নিয়মিত হালনাগাদকরণসহ ত্রৈমাসিক ভিত্তিতে প্রতিবেদন উর্দ্ধতন কর্তৃপক্ষকে অবহিতকরণসহ মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণে বিষয়ে আলোচনা করা হয়।	তথ্য বাতায়ন নিয়মিত হালনাগাদক করতে হবে এবং ত্রৈমাসিক ভিত্তিতে প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে। বাস্তবায়নে: মোহাম্মদ রাফিদ শাহরিয়ার, সহ. প্রোগ্রামার
[২.২.১] কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন	আইএমইডি'র ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা সঠিকভাবে বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় প্রশিক্ষণ আয়োজনের বিষয়ে আলোচনা করা হয়। "চলমান পরিবীক্ষণ ব্যবস্থার আধুনিকায়ন", "Technical Training to inspect civil/ construction works", "প্রকল্পের গাড়ি ব্যবস্থাপনা মনিটরিং-এর জন্য Mobile Apps-প্রস্তুত" ইত্যাদির উপর প্রশিক্ষণ আয়োজন করা যায় মর্মে সভায় আলোচনা হয়। জনাব ওয়াহিদা হামিদ উল্লেখ করেন, চলমান পরিবীক্ষণ ব্যবস্থার আধুনিকায়নের জন্য ড্রোন ব্যবহার বিষয়ক প্রশিক্ষণ ০১-০২ আগস্ট ২০২২	আগামী সেপ্টেম্বর/ ২০২২ এর ২২ ও ২৩ তারিখে "প্রকল্পের গাড়ি ব্যবস্থাপনা মনিটরিং-এর জন্য Mobile Apps প্রস্তুত" সংক্রান্ত দুই দিনব্যাপী একটি প্রশিক্ষণ আয়োজন করতে হবে। বাস্তবায়নে: ওয়াহিদা হামিদ, পরিচালক রায়হান আহমেদ, উপপরিচালক ওয়ারেছ আনসারী, উপপরিচালক মোহাম্মদ রাফিদ শাহরিয়ার, সহ. প্রোগ্রামার

কর্মসম্পাদন ক্ষেত্র	আলোচনা	সিদ্ধান্ত
	তারিখে ০২ (দুই)টি ব্যাচে মোট ৬০(ষাট) জন কর্মকর্তাকে নিয়ে অনুষ্ঠিত হয়।	
[২.২.২] কর্মপরিকল্পনা বাস্তবায়নের জন্য বরাদ্দকৃত অর্থ ব্যয়	কর্মপরিকল্পনা বাস্তবায়নের জন্য বরাদ্দকৃত অর্থ সুষ্ঠুভাবে ব্যয়ের পরিকল্পনা করা প্রয়োজন বলে সভায় আলোচিত হয়। গবেষণা ও উদ্ভাবনী কার্যক্রম (১২০০০৮৪১১)-খাতে ২০২২-২৩ অর্থবছরে সর্বমোট ২৫.০০ লক্ষ টাকা পাওয়া গেছে। তবে, অর্থবিভাগের ০৩ জুলাই, ২০২২ তারিখের পরিপত্রের মাধ্যমে প্রশিক্ষণ খাতে বরাদ্দকৃত অর্থের সর্বোচ্চ ৫০% ব্যয়ের নির্দেশনা থাকায় প্রাপ্ত বাজেট বরাদ্দ ২৫.০০ লক্ষ টাকার পরিবর্তে ১৭.৫০ লক্ষ টাকা ব্যয় করা যাবে।	বরাদ্দকৃত অর্থ সুষ্ঠুভাবে ব্যয়ের পরিকল্পনা করতে হবে। বাস্তবায়নে: ওয়াহিদা হামিদ, পরিচালক
[২.২.৩] কর্মপরিকল্পনার অর্ধবার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ	নির্ধারিত সময়ে উল্লেখযোগ্য অগ্রগতি সাধনপূর্বক অর্ধবার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন প্রেরণের বিষয়টি সভায় আলোচিত হয়।	কর্মপরিকল্পনার অধিকাংশ কার্যক্রম এবং সূচক ডিসেম্বরের ভিতর বাস্তবায়নপূর্বক নির্ধারিত সময়ে অর্ধবার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন প্রেরণ করতে হবে। বাস্তবায়নে: ইনোভেশন টিম
[২.২.৫] দেশে/ বিদেশে বাস্তবায়িত ন্যূনতম একটি উদ্যোগ পরিদর্শন	বিভিন্ন মন্ত্রণালয়/ বিভাগ/ সংস্থা কর্তৃক বাস্তবায়িত ন্যূনতম একটি উদ্যোগ পরিদর্শনের বিষয়ে আলোচনা করা হয়।	আগামী ৩১/০৫/২০২৩ এর ভিতর দেশে/ বিদেশে বাস্তবায়িত ন্যূনতম একটি উদ্যোগ পরিদর্শন করতে হবে। বাস্তবায়নে: ওয়াহিদা হামিদ, পরিচালক
[বিবিধ] আইএমইডি'র পরিবীক্ষণ ব্যবস্থা আধুনিকায়নের জন্য ক্রয়কৃত ড্রোন নিবন্ধন সংক্রান্ত	আইএমইডি'র পরিবীক্ষণ ব্যবস্থা আধুনিকায়নের জন্য ক্রয়কৃত ড্রোন নিবন্ধনের জন্য বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের সাথে যোগাযোগ এবং ড্রোন পরিচালনা সংক্রান্ত একটি গাইডলাইন প্রস্তুত করার বিষয়ে আলোচনা হয়।	আইএমইডি'র পরিবীক্ষণ ব্যবস্থা আধুনিকায়নের জন্য ক্রয়কৃত ড্রোন নিবন্ধনের জন্য বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করতে হবে এবং তার অগ্রগতি ১৫ সেপ্টেম্বর, ২০২২ তারিখের ভিতর অবহিত করতে হবে। বাস্তবায়নে: সারাহ সাদিয়া তাজনীন, উপপরিচালক

০৩। পরিশেষে, সভাপতি ইনোভেশন টিমের সকল সদস্যকে উদ্ভাবনী ও সৃজনশীল চিন্তন এবং কর্মের মাধ্যমে দেশ ও জাতিকে সমৃদ্ধ করার প্রত্যয় ব্যক্ত করেন এবং সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২২.০৮.২০২২

(ড. গাজী মোঃ সাইফুজ্জামান)
অতিরিক্ত সচিব (প্রশাসন)
ও
চিফ ইনোভেশন অফিসার

১৭ আগস্ট ২০২২ তারিখে অনুষ্ঠিত ইনোভেশন টিমের ২০২২-২৩ অর্থবছরের ১ম সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা

ক্রমিক নং	কর্মকর্তার নাম ও পদবী	সেক্টর/ দপ্তরের নাম ও মোবাইল/ ই-মেইল	স্বাক্ষর
	ডাঃ [illegible] হাসিনা পরিচালক	অপারেশন ও এনফোর্সমেন্ট 01720111102	17/08/2022
	রায়হান আহমেদ উপপরিচালক	সেক্টর-৫, আইসোলেশন 01712058915 raihan.buet03@gmail.com	
	সারাহ সাদিয়া তাজনীন উপপরিচালক	সেক্টর - ১ 01723051333 sarah.sadia@imed.gov.bd	
	মেহের নিগার সুলতানা উপপরিচালক	সেক্টর -2 01717759970 mehen.nigar@imed.gov.bd	17/08/22
	হ্যাপী দাস উপ-পরিচালক	সেক্টর - ৪ 01710408533 happy.das@imed.gov.bd	17/08/22
	নাসরিন সাবরিন উপপরিচালক	সেক্টর - 04 01703059539 Sarmin.rainy.du@gmail.com	
	ওয়ারেছ আনসারী উপ পরিচালক	সেক্টর - ০১ ০১৭-১২-৭৬৪৯৭৬ wareshansary@imed.gov.bd	

১৭ আগস্ট ২০২২ তারিখে অনুষ্ঠিত ইনোভেশন টিমের ২০২২-২৩ অর্থবছরের ১ম সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা

ক্রমিক নং	কর্মকর্তার নাম ও পদবী	সেক্টর/ দপ্তরের নাম ও মোবাইল/ ই-মেইল	স্বাক্ষর
	মোঃ মেজবাউল হোসেন উপপরিচালক	সিসিডিইউ ০১৭১১-১৫৮৮৬৯ masbaul@gmail.com	১৭/০৮/2022
	মোঃ নাজমুল হুসেইন খাঁন DD, ~~sector-3~~	Sector-3 01715655596 dd1sector3@gmail.com	১৭/০৮/22
	মুহাম্মদ মোস্তফা হাসান উপপরিচালক (চলতি)	সেক্টর-৭ 01718439394 mustafa20479@gmail.com	১৭/৮/২০২২
	নাজনীন নাহার প্রোগ্রামার	MIS & Co-ordination 01871899018 ~~01817181~~	১৭/০৮/2022
	মোহাম্মদ রাফিদ শাহরিয়ার সহকারী প্রোগ্রামার	Coordination & MIS Section 01740048308	R. Shahriar ১৭.০৮.২০২২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ (আইএমইডি)
সমন্বয় ও এমআইএস সেক্টর
শেরে বাংলা নগর, ঢাকা।
www.imed.gov.bd

নং-২১.০০.০০০০.০৫৮.১৬.২৪৪.২২.৬৫১

তারিখ: ২৩ কার্তিক ১৪২৯ / ০৭ নভেম্বর ২০২২

সংশোধিত সভার নোটিশ

আগামী ০৮ নভেম্বর ২০২২ তারিখ, মঙ্গলবার অনুষ্ঠিতব্য ইনোভেশন টিমের ২০২২-২৩ অর্থবছরের ২য় সভা অনিবার্য কারণবশত বেলা ১২:০০ ঘটিকার পরিবর্তে বেলা ০২.১৫ ঘটিকায় আইএমই বিভাগের অতিরিক্ত সচিব (প্রশাসন) ও চিফ ইনোভেশন অফিসার এর সভাপতিত্বে এ বিভাগের সম্মেলন কক্ষে (ব্লক নং-১২, কক্ষ নং-৩২-৩৩) অনুষ্ঠিত হবে। উক্ত সভায় ইনোভেশন টিমের সদস্যদের যথাসময়ে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

আলোচ্যসূচি:

১. ২০২২-২৩ অর্থবছরের কর্মপরিকল্পনা পর্যালোচনা এবং অগ্রগতি অবহিতকরণ;
২. অবশিষ্ট প্রশিক্ষণ এবং কর্মশালার বিষয়/ সময়সূচি নির্ধারণ;
৩. সেবা সহজিকরণ/ ডিজিটাইজেশনের মাধ্যমে একটি উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন সংক্রান্ত;
৪. ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবাসমূহ চালু রাখা সংক্রান্ত; এবং
৫. বিবিধ।

R. Shahriar
০৭.১১.২০২২

(মোহাম্মদ রাফিদ শাহরিয়ার)
সহকারী প্রোগ্রামার ও
সদস্য সচিব, ইনোভেশন টিম
ফোন: ০২-৯১৮০৬৫৮
E-mail: rafid.shahriar@imed.gov.bd

বিতরণ: অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. জনাব ওয়াহিদা হামিদ, পরিচালক (যুগ্মসচিব), পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-৮, আইএমইডি, শেরে বাংলা নগর, ঢাকা।
২. জনাব মোহাম্মদ নাছিম আহমেদ, পরিচালক, সমন্বয় ও এমআইএস সেক্টর, আইএমইডি, শেরে বাংলা নগর, ঢাকা।
৩. জনাব মোঃ মাহমুদ হাসান, পরিচালক, পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-২, আইএমইডি, শেরে বাংলা নগর, ঢাকা।
৪. জনাব মুহাম্মদ মোস্তফা হাসান, উপপরিচালক (উপসচিব), পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-৭, আইএমইডি, শেরে বাংলা নগর, ঢাকা।
৫. জনাব মোহাম্মদ রফিকুল হক, সিনিয়র সহকারী সচিব, প্রশাসন অধিশাখা-১, আইএমইডি, শেরে বাংলা নগর, ঢাকা।
৬. জনাব রায়হান আহমেদ, উপপরিচালক, পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-৫, আইএমইডি, শেরে বাংলা নগর, ঢাকা।
৭. জনাব সারাহ সাদিয়া তাজনীন, উপপরিচালক, পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-৬, আইএমইডি, শেরে বাংলা নগর, ঢাকা।
৮. জনাব নাজমুল হসেইন খাঁন, উপপরিচালক, পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-৩, আইএমইডি, শেরে বাংলা নগর, ঢাকা।

অঃপৃঃদ্রঃ

৯. জনাব মো: আব্দুল ওয়ারেছ আনসারী, উপপরিচালক, পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-১, আইএমইডি, শেরে বাংলা নগর, ঢাকা।
১০. জনাব মোঃ মেজবাউল হোসেন, উপপরিচালক, সিপিটিইউ, আইএমইডি, শেরে বাংলা নগর, ঢাকা।
১১. জনাব মেহের নিগার সুলতানা, উপপরিচালক, পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-২, আইএমইডি, শেরে বাংলা নগর, ঢাকা।
১২. জনাব শবনম শারমিন, উপপরিচালক, পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-৪, আইএমইডি, শেরে বাংলা নগর, ঢাকা।
১৩. জনাব হ্যাপী দাস, উপপরিচালক, পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-৮, আইএমইডি, শেরে বাংলা নগর, ঢাকা।
১৪. জনাব নাজনীন নাহার, প্রোগ্রামার, সমন্বয় ও এমআইএস সেক্টর, আইএমইডি, শেরে বাংলা নগর, ঢাকা।
১৫. জনাব খায়রুল আমিন, প্রোগ্রামার, সিপিটিইউ, আইএমইডি, শেরে বাংলা নগর, ঢাকা।
১৬. সহকারী প্রোগ্রামার, সমন্বয় ও এমআইএস সেক্টর, আইএমইডি, শেরে বাংলা নগর, ঢাকা। (**ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ**)
১৭. প্রশাসনিক কর্মকর্তা (স্টোর), আইএমইডি, শেরে বাংলা নগর, ঢাকা। (২০ জন কর্মকর্তার আপ্যায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো)

অবগতির জন্য অনুলিপি:

১. সচিব মহোদয়ের একান্ত সচিব, আইএমইডি, শেরে বাংলা নগর, ঢাকা।
২. অতিরিক্ত সচিব (প্রশাসন) এঁর ব্যক্তিগত কর্মকর্তা, আইএমইডি, শেরে বাংলা নগর, ঢাকা। (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৩. অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
সমন্বয় ও এমআইএস সেক্টর
শেরে বাংলা নগর, ঢাকা।
www.imed.gov.bd

নথি নং-২১.০০.০০০০.০৫৮.১৬.২২৪.২২-৬৫৯

তারিখ: ২৬ কার্তিক ১৪২৯ / ১০ নভেম্বর ২০২২

বিষয়: ইনোভেশন টিমের ২০২২-২৩ অর্থবছরের ২য় সভার কার্যবিবরণী।

সভাপতি	:	ড. গাজী মোঃ সাইফুজ্জামান, অতিরিক্ত সচিব (প্রশাসন)
সভার স্থান	:	আইএমইডি'র সম্মেলন কক্ষ
সভার তারিখ	:	০৮ নভেম্বর ২০২২
সময়	:	বেলা ২.১৫ ঘটিকা

সভায় ভার্চুয়ালি উপস্থিত সদস্যবৃন্দ/কর্মকর্তাগণের নামের তালিকা পরিশিষ্ট 'ক'-তে দেওয়া হলো।

০২। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতে ইনোভেশন টিম কর্তৃক ২০২২-২৩ অর্থবছরের জুলাই-অক্টোবর ২০২২ পর্যন্ত সময়ে গৃহীত কার্যক্রম নিয়ে আলোচনা হয়। বিগত সময়ে ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজেশনকৃত সেবার ডাটাবেজ এবং ৪র্থ শিল্প বিপ্লবের সম্ভাব্য চ্যালেঞ্জ মোকাবেলায় আইএমইডি'র কর্মপরিকল্পনা প্রস্তুত সংক্রান্ত, ৪র্থ শিল্প বিপ্লবের সম্ভাব্য চ্যালেঞ্জ মোকাবেলায় বিষয়ভিত্তিক ০১টি কর্মশালা, ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত ০২টি প্রশিক্ষন এবং ইনোভেশন টিমের ১টি সভা অনুষ্ঠিত হয়েছে মর্মে সদস্য-সচিব প্রেজেন্টেশনের মাধ্যমে সভাকে অবহিত করেন। ২০২২-২৩ অর্থবছরের কর্মপরিকল্পনার বাস্তবায়নের উপর বিস্তারিত আলোচনার পর নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়:

কর্মসম্পাদন ক্ষেত্র	আলোচনা	সিদ্ধান্ত
সেবা সহজিকরণ/ ডিজিটাইজেশনের মাধ্যমে ন্যুনতম একটি উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন [১.১]	সম্প্রতি মুন্সিগঞ্জের ঢালি'স আম্বার নিবাসে অনুষ্ঠিত ০২ দিনব্যাপী "ডিজিটাইজেশনের মাধ্যমে উদ্ভাবনী ধারণা বাস্তবায়নে আইএমইডি'র কর্মকর্তাগণের সক্ষমতা বৃদ্ধি" শীর্ষক প্রশিক্ষণ কর্মশালায় প্রাপ্ত ৩টি ধারণা যথাক্রমে (১) প্রকল্প পরিদর্শন/ মূল্যায়ন সংক্রান্ত অ্যাপস PRISM (Project Inspection System for Monitoring) (২) PPA/ PPR Handbook/ Apps (৩) প্রকল্পের গাড়ি সংক্রান্ত তথ্য ব্যবস্থাপনা ইত্যাদি। আলোচনায়, এই অর্থবছরে 'প্রকল্প পরিদর্শন/ মূল্যায়ন সংক্রান্ত অ্যাপস PRISM' এবং 'PPA/ PPR Handbook/ Apps' সেবা সহজিকরণ ও ডিজিটাইজেশন হিসেবে বাস্তবায়ন করা যায় বলে ইনোভেশন টিমের সদস্যগণ মত প্রকাশ করেন।এই দু'টি ধারণা বাস্তবায়নের লক্ষ্যে চিফ ইনোভেশন অফিসার যথাক্রমে জনাব ওয়াহিদা হামিদ, পরিচালক (যুগ্মসচিব) এবং জনাব নাছিম আহমেদ, পরিচালক-কে আহবায়ক করে দু'টি টিম গঠন করে দেন। এছাড়া, প্রকল্পের গাড়ি ও অন্যান্য রিসোর্স সংক্রান্ত তথ্যাদির ব্যবস্থাপনা এ বিভাগের ই-পিএমআইএস সিস্টেমে ইতঃমধ্যে অন্তর্ভুক্ত করা হয়েছে মর্মে সদস্য-সচিব সভাকে অবহিত করেন।	(ক) জনাব ওয়াহিদা হামিদ, পরিচালক (যুগ্মসচিব) ও তাঁর টিমের সদস্যগণ যথাক্রমে জনাব নাজমুল হসেইন খাঁন (উপপরিচালক), জনাব মো: আব্দুল ওয়ারেছ আনসারী (উপপরিচালক), জনাব নাজনীন নাহার (প্রোগ্রামার) এবং জনাব মোহাম্মদ রাফিদ শাহরিয়ার (সহকারী প্রোগ্রামার) সেবা সহজিকরণ/ ডিজিটাইজেশন হিসেবে 'প্রকল্প পরিদর্শন/ মূল্যায়ন সংক্রান্ত অ্যাপস PRISM' বাস্তবায়ন করবেন। (খ) জনাব নাছিম আহমেদ, পরিচালক ও তাঁর টিমের সদস্য জনাব মুহাম্মদ মোস্তফা হাসান, উপপরিচালক (উপসচিব), জনাব মোঃ মেজবাউল হোসেন (উপপরিচালক), জনাব মেহের নিগার সুলতানা (উপপরিচালক), জনাব শবনম শারমিন (উপপরিচালক), জনাব হ্যাপী দাস (উপপরিচালক) এবং জনাব খায়রুল আমিন (প্রোগ্রামার) সেবা সহজিকরণ/ ডিজিটাইজেশন হিসেবে 'PPA/ PPR Handbook/ Apps' বাস্তবায়ন করবেন।

৪র্থ শিল্পবিপ্লবের সম্ভাব্য চ্যালেঞ্জ মোকাবেলায় বিষয়ভিত্তিক কর্মশালা আয়োজন সংক্রান্ত [১.৪.২]	৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় বিষয়ে অবহিতকরণ শীর্ষক ২য় ও সর্বশেষ কর্মশালাটি আয়োজন করার বিষয়ে আলোচনা হয়।	৩০ নভেম্বর ২০২২ তারিখের মধ্যে ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় বিষয়ভিত্তিক ২য় ও সর্বশেষ কর্মশালার সকল আয়োজন সম্পন্ন করতে হবে।
প্রশিক্ষণ [২.২.১]	প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি এবং ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়নে অবশিষ্ট ০২ (দুই)টি প্রশিক্ষণ দ্রুততম সময়ে আয়োজন করার বিষয়ে সভাপতি গুরুত্বারোপ করেন।	উদ্ভাবনী ধারণা ও সেবা সহজিকরণ বিষয়ে প্রশিক্ষণ আয়োজনের কার্যক্রম গ্রহণ করতে হবে।

০৩। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

৩০.১১.২০২২

(ড. গাজী মোঃ সাইফুজ্জামান)
অতিরিক্ত সচিব (প্রশাসন)
ও
চিফ ইনোভেশন অফিসার।

০৮ নভেম্বর, ২০২২ তারিখে অনুষ্ঠিত ইনোভেশন টিমের ২০২২-২৩ অর্থবছরের ২য় সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা

ক্রমিক নং	কর্মকর্তার নাম ও পদবী	সেক্টর/ দপ্তরের নাম মোবাইল/ ফোন নম্বর	স্বাক্ষর
	উম্মে সালমা হাবিবা সহকারী পরিচালক	০১৭২০১১১১০২	০৮/১১/২০২২
	মুহাম্মদ আবদুল হান্নান উপপরিচালক (উপসচিব)	সেক্টর- ০৭ ০১৭১৪৪৩৯৩৭৭	০৮/১১/২০২২
	নাজনীন নাহার প্রোগ্রামার	০১৪৭২১৪৯১৪	০৮.১১.২০২২
	মো: নাজমুল হুসেইন খাঁন উপপরিচালক	০১৭১৫৫৫৫৫৯৬	
	Sarah Sadia Ghaznin Deputy Director Sector-6	০১৭২৩০৫১৩৩৩	০৪.১১.২০২২

০৮ নভেম্বর, ২০২২ তারিখে অনুষ্ঠিত ইনোভেশন টিমের ২০২২-২৩ অর্থবছরের ২য় সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা

ক্রমিক নং	কর্মকর্তার নাম ও পদবী	সেক্টর/ দপ্তরের নাম মোবাইল/ ফোন নম্বর	স্বাক্ষর
	ওয়াহেদ আনসারী উপ-পরিচালক	পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-১ ০১৭ ১২ ৭৬ ৪৩ ৭৬	
	মোহাম্মদ রাফিদ শাখরিয়ার সহ. প্রোগ্রামার	সমন্বয় ও এমআইএস সেক্টর	R. Shahriar ০৪.১১.২০২২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ (আইএমইডি)
সমন্বয় ও এমআইএস সেক্টর
শেরে বাংলা নগর, ঢাকা।
www.imed.gov.bd

নং-২১.০০.০০০০.০৫৮.১৬.২৪৪.২২.৮৩৯

তারিখ: ৭ ফাল্গুন ১৪২৯ / ২০ ফেব্রুয়ারি ২০২৩

সভার নোটিশ

আগামী ২২ ফেব্রুয়ারি ২০২৩ তারিখ, বুধবার বেলা ০৩.০০ ঘটিকায় বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের অতিরিক্ত সচিব (প্রশাসন) ও চিফ ইনোভেশন অফিসার এর সভাপতিত্বে আইএমইডি'র সম্মেলন কক্ষে (ব্লক-১২, কক্ষ-৩২-৩৩) ইনোভেশন টিমের ২০২২-২৩ অর্থবছরের ৩য় সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভায় কমিটির সদস্যদের যথাসময়ে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

আলোচ্যসূচি:

১. ২০২২-২৩ অর্থবছরের কর্মপরিকল্পনা পর্যালোচনা ও বাস্তবায়ন অগ্রগতি অবহিতকরণ;
২. ডিজিটাইজেশনের মাধ্যমে বাস্তবায়নাধীন উদ্ভাবনী ধারণা "PRISM APPS" এর Status Review;
৩. দেশে/বিদেশে বাস্তবায়িত ন্যূনতম একটি উদ্ভাবনী উদ্যোগ পরিদর্শন সংক্রান্ত;
৪. বিবিধ।

R. Shahriar
২০.০২.২০২৩

(মোহাম্মদ রাফিদ শাহরিয়ার)
সহকারী প্রোগ্রামার ও
সদস্য সচিব, ইনোভেশন টিম
ফোন: ০২-৯১৮০৬৫৮
E-mail: rafid.shahriar@imed.gov.bd

বিতরণ: অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. জনাব ওয়াহিদা হামিদ, পরিচালক (যুগ্মসচিব), পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-৮, আইএমইডি, শেরে বাংলা নগর, ঢাকা।
২. জনাব মোহাম্মদ নাছিম আহমেদ, পরিচালক, পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-৩, আইএমইডি, শেরে বাংলা নগর, ঢাকা।
৩. জনাব মোঃ মাহমুদ হাসান, পরিচালক, পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-২, আইএমইডি, শেরে বাংলা নগর, ঢাকা।
৪. জনাব রায়হান আহমেদ, উপপরিচালক, পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-৫, আইএমইডি, শেরে বাংলা নগর, ঢাকা।
৫. জনাব সারাহ সাদিয়া তাজনীন, উপপরিচালক, পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-৬, আইএমইডি, শেরে বাংলা নগর, ঢাকা।
৬. জনাব নাজমুল হসেইন খাঁন, উপপরিচালক, পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-৩, আইএমইডি, শেরে বাংলা নগর, ঢাকা।
৭. জনাব মো: আব্দুল ওয়ারেছ আনসারী, উপপরিচালক, পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-১, আইএমইডি, শেরে বাংলা নগর, ঢাকা।
৮. জনাব মোঃ মেজবাউল হোসেন, উপপরিচালক, সিপিটিইউ, আইএমইডি, শেরে বাংলা নগর, ঢাকা।
৯. জনাব শবনম শারমিন, উপপরিচালক, পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-৪, আইএমইডি, শেরে বাংলা নগর, ঢাকা।
১০. জনাব হ্যাপী দাস, উপপরিচালক, পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-৮, আইএমইডি, শেরে বাংলা নগর, ঢাকা।
১১. জনাব নাজনীন নাহার, প্রোগ্রামার, সমন্বয় ও এমআইএস সেক্টর, আইএমইডি, শেরে বাংলা নগর, ঢাকা।
১২. জনাব খায়রুল আমিন, প্রোগ্রামার, সিপিটিইউ, আইএমইডি, শেরে বাংলা নগর, ঢাকা।
১৩. System Design Specialist, Dohatec New Media, Doha House, 43 Purana Paltan Lane, Dhaka.
১৪. সহকারী প্রোগ্রামার, সমন্বয় ও এমআইএস সেক্টর, আইএমইডি, শেরে বাংলা নগর, ঢাকা। **(ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)**
১৫. প্রশাসনিক কর্মকর্তা (স্টোর), আইএমইডি, শেরে বাংলা নগর, ঢাকা। (২০ জন কর্মকর্তার আপ্যায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো)

অঃপৃঃদ্রঃ

অবগতির জন্য অনুলিপি:

১. সচিব মহোদয়ের একান্ত সচিব, আইএমইডি, শেরে বাংলা নগর, ঢাকা।

২. অতিরিক্ত সচিব (প্রশাসন) এঁর ব্যক্তিগত কর্মকর্তা, আইএমইডি, শেরে বাংলা নগর, ঢাকা। (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)

৩. অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ (আইএমইডি)
সমন্বয় ও এমআইএস সেক্টর
শেরে বাংলা নগর, ঢাকা।
www.imed.gov.bd

নথি নং-২১.০০.০০০০.০৫৮.১৬.২২৪.২২-১৪৮

তারিখ: ১৩ ফাল্গুন ১৪২৯ / ২৬ ফেব্রুয়ারি ২০২৩

বিষয়: ইনোভেশন টিমের ২০২২-২৩ অর্থবছরের ৩য় সভার কার্যবিবরণী।

সভাপতি : ড. গাজী মোঃ সাইফুজ্জামান, অতিরিক্ত সচিব (প্রশাসন)
সভার স্থান : আইএমইডি'র সম্মেলন কক্ষ
সভার তারিখ : ২২ ফেব্রুয়ারি ২০২৩
সময় : বেলা ৩.০০ ঘটিকা

সভায় উপস্থিত সদস্যবৃন্দ/কর্মকর্তাগণের নামের তালিকা পরিশিষ্ট 'ক'-তে দেওয়া হলো।

০২। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতে আর্টিফিশিয়াল ইন্টিলিজেন্স (AI)-এর অন্যতম প্রায়োগিক উদহারন চ্যাট-জিপিটির উপর একটি ভিডিও ডকুমেন্টারি প্রদর্শন করা হয়। সভাপতি ইনোভেশন টিমের প্রতিটি সভায় বর্তমান প্রযুক্তির বিভিন্ন বিষয়ের উপর একটি লার্নিং সেশন পরিচালনা করার নির্দেশনা প্রদান করেন। অতঃপর ইনোভেশন টিম কর্তৃক ২০২২-২৩ অর্থবছরের জুলাই-জানুয়ারি ২০২৩ পর্যন্ত সময়ে গৃহীত কার্যক্রম নিয়ে আলোচনা হয়। ২০২২-২৩ অর্থবছরের কর্মপরিকল্পনার বাস্তবায়নের উপর বিস্তারিত আলোচনার পর নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়:

কর্মসম্পাদন ক্ষেত্র	আলোচনা	সিদ্ধান্ত
সেবা সহজিকরণ/ ডিজিটাইজেশনের মাধ্যমে ন্যূনতম একটি উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন [১.১]	আইএমইডি কর্তৃক ডিজিটাইজেশনের মাধ্যমে বাস্তবায়নাধীন উদ্ভাবনী ধারণা "PRISM (Project Inspection System for Monitoring)" APPS-টি সভায় দেখানো করা হয়। অ্যাপসটির ডেভেলপার জনাব শেখ রকিবুল হাসান রাসেল APPS-টির বিভিন্ন Feature সম্পর্কে সভায় বিস্তারিত বর্ণনা করেন। অ্যাপসটি বাস্তবায়নের সাথে সংশ্লিষ্ট ইনোভেশন টিমের সদস্যবৃন্দ অ্যাপসটি Google Play Store এ আপলোড তথা লাইভ করার বিষয়ে মতামত ব্যক্ত করেন। চিফ ইনোভেশন অফিসার 'অ্যাপসটি সম্পর্কে' একটি লিখনী, ইউজার ম্যানুয়েল ও অ্যাপসটি ব্যবহার করার নির্দেশনা প্রদান করে একটি GO প্রস্তুত করার জন্য জনাব ওয়াহিদা হামিদ, পরিচালক (যুগ্মসচিব) এবং জনাব মোহাম্মদ রাফিদ শাহরিয়ার, সহকারী প্রোগ্রামার-কে দায়িত্ব প্রদান করেন। তিনি বলেন, অ্যাপসটি Google Play Store এ লাইভ হওয়ার পর সচিব, আইএমইডি কর্তৃক উদ্বোধন করতে হবে।	**(ক)** অ্যাপসটির User Acceptance Testing সম্পূর্ণ করে ০২ মার্চ, ২০২৩ তারিখের ভিতর Google Play Store এ আপলোড করতে হবে। **বাস্তবায়নকারী:** জনাব রায়হান আহমেদ (উপপরিচালক), জনাব মোহাম্মদ রাফিদ শাহরিয়ার (সহকারী প্রোগ্রামার), জনাব মোঃ মাসুদুর রহমান (ডেপুটি টিম লিডার, ই-পিএমআইএস) ও জনাব শেখ রকিবুল হাসান রাসেল (অ্যাপস ডেভেলপার, দোহা-টেক) **(খ)** অ্যাপসটি সম্পর্কে একটি লিখনী ও ইউজার ম্যানুয়েল প্রস্তুতপূর্বক অ্যাপসটি ব্যবহার করার নির্দেশনা প্রদান করে একটি GO জারি করতে হবে। **বাস্তবায়নকারী:** জনাব ওয়াহিদা হামিদ, পরিচালক (যুগ্মসচিব), জনাব মোহাম্মদ রাফিদ শাহরিয়ার, সহকারী প্রোগ্রামার
দেশে/বিদেশে বাস্তবায়িত ন্যূনতম একটি উদ্ভাবনী উদ্যোগ পরিদর্শন [২.২.৫]	মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর ২.২.৫ সূচকে একটি উদ্ভাবনী উদ্যোগ পরিদর্শনের নির্দেশনা প্রদান করা হয়েছে। এই প্রেক্ষিতে বাংলাদেশের ১ম গাড়ি নির্মানকারী প্রতিষ্ঠান "বাংলা কারস লিমিটেড"-এর গাড়ি উৎপাদন কেন্দ্র এবং ওয়ালটন-এর "ডিজি টেক পার্ক" পরিদর্শনের বিষয়ে সভায় আলোচনা হয়।	আগামী ০২ মার্চ ২০২৩ তারিখ, বৃহস্পতিবার অথবা নিকটতম কোন সুবিধাজনক সময়ে বাংলাদেশের ১ম গাড়ি নির্মানকারী প্রতিষ্ঠান "বাংলা কারস লিমিটেড"-এর গাড়ি উৎপাদন কেন্দ্র পরিদর্শনের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। **বাস্তবায়নকারী:** জনাব ওয়াহিদা হামিদ, পরিচালক (যুগ্মসচিব), জনাব মোহাম্মদ রাফিদ শাহরিয়ার, সহকারী প্রোগ্রামার

৪র্থ শিল্পবিপ্লবের সম্ভাব্য চ্যালেঞ্জ মোকাবেলায় বিষয়ভিত্তিক কর্মশালা আয়োজন সংক্রান্ত [১.৪.২]	৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় বিষয়ে অবহিতকরণ শীর্ষক ২য় ও সর্বশেষ কর্মশালাটি আয়োজন করার বিষয়ে আলোচনা হয়।	৩১ মার্চ ২০২৩ তারিখের মধ্যে ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় বিষয়ভিত্তিক ২য় ও সর্বশেষ কর্মশালার সকল আয়োজন সম্পন্ন করতে হবে।
প্রশিক্ষণ [২.২.১]	প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি এবং ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়নে অবশিষ্ট ০১ (এক)টি প্রশিক্ষণ দ্রুততম সময়ে আয়োজন করার বিষয়ে সভাপতি গুরুত্বারোপ করেন।	উদ্ভাবনী ধারণা ও সেবা সহজিকরণ বিষয়ে অবশিষ্ট ০১ (এক)টি প্রশিক্ষণ আয়োজনের কার্যক্রম গ্রহণ করতে হবে।

০৩। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৬.০২.২০২৩

(ড. গাজী মোঃ সাইফুজ্জামান)
অতিরিক্ত সচিব (প্রশাসন)
ও
চিফ ইনোভেশন অফিসার, আইএমইডি

২২ ফেব্রুয়ারি, ২০২৩ তারিখে অনুষ্ঠিত ইনোভেশন টিমের ২০২২-২৩ অর্থবছরের ৩য় সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা

ক্রমিক নং	কর্মকর্তার নাম ও পদবী	সেক্টর/ দপ্তরের নাম মোবাইল/ ফোন নম্বর	স্বাক্ষর
	উপসচিব-হালনাগাদ-যুগ্মসচিব	01720111102	২২/০২/২০২৩
	মোঃ মাহমুদ হাসান পরিচালক	সেক্টর ২ IMED 01714-323223	
	মোহাম্মদ মাহমুদ আহমেদ পরিচালক	সেক্টর-৬ আইসমইডি ০১৭১২-০৮২০৮১	
	মোঃ নাজমুল হুসেইন খাঁন উপপরিচালক	সেক্টর-৬ আইসিটি ০১৭১৫৬৫৫৫৯৬	২২/০২/২৬
	আবদুল আলিম প্রোগ্রামার	সিসিপিইউ, আইসমইডি ০১৭১৪০৮২০৩৮	Abdul Alim ২২০২২৬
	নাজনীন নাহার প্রোগ্রামার	সমন্বয় ও এমআইএস	২২/০২/২৬
	মোহাম্মদ রাফিদ শাহরিয়ার সহকারী প্রোগ্রামার	সমন্বয় ও এমআইএস সেক্টর	R. Shahriar 22.02.2026